

সকল বোর্ডের শীর্ষস্থানীয় কলেজসমূহের
নির্বাচনি পরীক্ষার প্রশ্নপত্র

ivRDK Dîiv gGWj KGjR, XvKv

ৱা q`KW: 1|2|6

সময়—২ ঘণ্টা ৩৫ মিনিট

ভূগোল দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

1 ▶ Dîi-cfeA %wkqvi `y`wU mgT«-kvjx `k AewÖ©Z|
hv weGk¼ D®²Z `k wnGmGe cwiwPZ| `k `ywUi
gaAewZÆGZ %oKwU cÉYvwj AewÖ©Z|

K. ctw^exi Pz`ËZg gnvG`Gki bvg ^jL| ১

খ. মানব ভূগোলের গুরুত্ব লেখ। ২

গ. উদ্দীপকে আলোচিত যেকোনো একটি দেশের ভৌগোলিক অবস্থান ও সীমানা এবং ভূ-প্রকৃতি বর্ণনা কর। ৩

ঘ. দেশ দুটির মধ্যে যে বিষয়সমূহে পার্থক্য দেখা যায় তা আলোচনা কর। ৪

২ ▶ একটি দেশের জনসংখ্যার জনমিতিক উপাদানের দ্বারা সে দেশের জনসংখ্যার বিভিন্ন দিকের একটি চিত্র ফুটে উঠে। এছাড়াও একটি দেশের আর্থ-সামাজিক উন্নয়ন ঘটে তখনই যখন দেশটির জনসংখ্যা একাধিক স্তর অতিক্রম করতে সক্ষম হয়।

ক. রাজনৈতিক ভূগোল কাকে বলে? ১

খ. আন্তর্জাতিক বাণিজ্যে গমের গুরুত্ব উল্লেখ কর। ২

গ. উদ্দীপকের প্রথম আলোচিত বিষয়টির দ্বারা ৫টি জনমিতিক উপাদান আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকের শেষোক্ত বিষয়টি মালদ্বীপ এবং বাংলাদেশের প্রেক্ষাপটে আলোচনা কর। ৪

৩ ▶ ক. নদীভাঙনের কবলে পরে সর্বস্বান্ত হয়ে রহিম শেখ তার পরিবার-পরিজন নিয়ে শহরে চলে আসে।

খ. করোনাকালীন সময়ে আবুল ফজলের ব্যবসায় ধস নামতে শুরু করে ফলে তিনি তার নিয়োজিত কর্মচারীদের বেতন দিতে অক্ষম হয়ে পড়েন। এ অবস্থায় তাঁর আমেরিকা যাওয়ার সুবর্ণ সুযোগ ঘটে যাওয়ায় তিনি ঢাকা থেকে আমেরিকার পথে পাড়ি জমান।

ক. চায়ের আদিভূমি কোন দেশে? ১

খ. প্রাকৃতিক সম্পদের ওপর অতিরিক্ত জনসংখ্যার দুটি প্রভাব আলোচনা কর। ২

গ. 'ক' অভিগমনটি কোন ধরনের অভিগমন? এ ধরনের অভিগমনের কারণসমূহ বর্ণনা কর। ৩

ঘ. কোন ঘটনার প্রেক্ষাপটে 'খ' অভিগমনটি হয়েছে? এ ধরনের অভিগমন কী কী কারণে হয়ে থাকে আলোচনা কর। ৪

৪ ▶ পৃথিবীর প্রাচীনতম কৃষিজ পণ্যটি হচ্ছে পৃথিবীর অর্ধেক লোকের প্রধান খাদ্য। কিন্তু এই কৃষিজ ফসল উৎপাদনে বেশ কিছু সমস্যা দেখা যায়। তবে সমস্যাসমূহ যদি সমাধান করা যায় তবে এর উৎপাদন বহুগুণে বৃদ্ধি করা সম্ভব।

ক. বাংলাদেশের এমন একটি জেলার নাম লেখ যেখানে অতি বিরল বসতি অঞ্চল দেখা যায়। ১

খ. কানাডার প্রেইরি অঞ্চলের ভূগতভূমিকে পৃথিবীর রুটির ঝুড়ি বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে আলোচিত ফসলটির প্রাকৃতিক নিয়ামকসমূহের বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের শেষোক্ত বিষয়টির প্রেক্ষাপটে এর সমস্যাসমূহ চিহ্নিত করে সমাধানের পথ কী হতে পারে আলোচনা কর। ৪

৫ ▶ করিম সৌদি আরবে আরমকো তৈল কোম্পানিতে শ্রমিক হিসেবে নিয়োজিত হয়ে বাংলাদেশ ত্যাগ করে। এ কোম্পানিতে চাকরি করতে গিয়ে সে শিখে যে, যেকোনো খনিজ সম্পদ ব্যবহারের ক্ষেত্রে মিতব্যয়ী হওয়া প্রয়োজন।

ক. একটি অধাতব খনিজের নাম লেখ। ১

খ. গ্রাফাইট কী? এর ব্যবহার লেখ। ২

গ. উদ্দীপকের উল্লিখিত দেশসমূহ মধ্যপ্রাচ্যের তেল বলয়ের বর্ণনা দাও। ৩

ঘ. উদ্দীপকের শেষোক্ত বিষয়টির আলোকে খনিজ সম্পদ ব্যবহারের ক্ষেত্রে অপচয়রোধে কী উপায়ে সচেতনতা বৃদ্ধি করা যেতে পারে— আলোচনা কর। ৪

৬ ▶



ক. ওপেকের পূর্ণরূপ লেখ। ১

খ. কীভাবে কয়লার সৃষ্টি হয়? ২

গ. মানচিত্রে B চিহ্নিত খনিজ সম্পদটির অবস্থান বর্ণনা কর। ৩

ঘ. উক্ত খনিজ সম্পদটি বাংলাদেশে এক বিশেষ গুরুত্ব বহন করে— বিষয়টি আলোচনা কর। ৪

৭ ▶

A	B
লৌহ আকরিক	কার্পাস

ক. কার্পাস বয়ন শিল্পের প্রধান কাঁচামাল কী? ১

খ. ওসাকাকে জাপানের ম্যানচেস্টার বলা হয় কেন? ২

গ. B শিল্পটির স্থানীয়করণের প্রাকৃতিক নিয়ামকসমূহ আলোচনা কর। ৩

ঘ. যুক্তরাষ্ট্রের প্রেক্ষাপটে A শিল্পটির বর্ণনা দাও। ৪

৮ ▶

A → আধুনিক সভ্যতায় ক একটি মূল্যবান দ্রব্য। দেশের পূর্তকর্ম ও নগরায়ণ সম্পূর্ণভাবে উক্ত দ্রব্যটির ওপর নির্ভরশীল।

B → বাংলাদেশ কৃষিপ্রধান দেশ হওয়ায় খ দ্রব্যটির ওপর সম্পূর্ণরূপে নির্ভরশীল। বর্তমানে দেশে অনেক যায়গায় এই দ্রব্যটির ওপর ভিত্তি করে শিল্পকারখানা গড়ে উঠেছে।

ক. বাংলাদেশের সবচেয়ে বড় শিল্পখাত কোনটি? ১

খ. ঔষধ শিল্প বাংলাদেশের অন্যতম শিল্প হিসেবে পরিচিতি লাভ করেছে— বিষয়টি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের 'ক' শিল্পটির বস্তু আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকের 'খ' শিল্পাঞ্চলটি বাংলাদেশের প্রেক্ষাপটে আলোচনা কর। ৪

আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

৭। ১। ২। ৩। ৪।

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

ভূগোল দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন


পূর্ণমান-৫০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১। বিনা, টিনা, চাঁদপুরের মেয়ে। স্থানীয় একটি স্কুলে পড়াশুনা করত। এস.এস.সি পরীক্ষায় দু'জনেই জিপিএ ৫ পেয়ে উত্তীর্ণ হয়। উচ্চশিক্ষার জন্য তারা ঢাকায় চলে আসে। মো: আলমগীর মিয়া দীর্ঘদিন ধরে মধ্যপ্রাচ্যে থাকেন। তিনি দুই বছর অন্তর অন্তর দেশে আসেন।

- ক. CDR কী? ১
খ. সুন্দরবনে জনবসতি অতি বিরল -ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত প্রথম অভিগমনটি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত দ্বিতীয় অভিগমনটি উৎস দেশের অর্থনৈতিক উন্নয়নে কী ভূমিকা পালন করে বিশ্লেষণ কর। ৪

২।



- ক. কৃষিকাজ কাকে বলে? ১
খ. পানি দূষণ কৃষির উৎপাদনকে ব্যাহত করে -ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের 'A' তে উল্লিখিত ক্ষেত্রটির ব্যাখ্যা দাও। ৩
ঘ. উদ্দীপকের 'B' ও 'C' তে প্রদর্শিত শস্যগুলো দেশের অর্থনীতিতে কী প্রভাব রাখে বিশ্লেষণ কর। ৪

৩।



- ক. তাপ বিদ্যুৎ কী? ১
খ. খনিজ এলাকায় পরিবেশ সংরক্ষণ গুরুত্বপূর্ণ-ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের 'ক' চিহ্নিত স্থানের ইঙ্গিতকৃত খনিজটি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের 'ক' ও 'খ' চিহ্নিত স্থানের ইঙ্গিতকৃত খনিজদ্বয়ের ব্যবহারিক গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৪। বাংলাদেশে প্রচুর চাহিদাপূর্ণ একটি শিল্পের ১৫টি কারখানার ১০টিই উত্তরবঙ্গে শিল্পের কাঁচামালের পাশেই শিল্পগুলো গড়ে উঠেছে আর একটি রপ্তানিমুখী শিল্প। যাতে হাজার হাজার নারী শ্রমিক কাজ করে ভাগ্যোন্ময় ঘট হয়েছে।

- ক. জনমিতিক ট্রানজিশনাল মডেলটি কে প্রদান করেন। ১
খ. শিল্পের জন্য বাজার প্রয়োজন-ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত ১ম শিল্পকারখানা গড়ে ওঠার নিয়ামকসমূহ ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ২য় শিল্পের সমস্যা ও সমাধানের উপায়সমূহ বিশ্লেষণ কর। ৪

৫। জলবায়ু পরিবর্তন বিষয়ক সম্মেলনে অংশগ্রহণের জন্য সোহান বঙ্গোপসাগরের উত্তরে অবস্থিত দেশ থেকে টোকিওতে যায়। সেখানে তার অনেক দেশের শিক্ষার্থীদের সাথে পরিচয় হয়। আলোচনা প্রসঙ্গে সে জানতে পারে, যে দেশে সে গিয়েছে সে দেশের সাথে তার নিজের দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডের ব্যাপক পার্থক্য রয়েছে।

- ক. মানব ভূগোল কাকে বলে? ১
খ. পৃথিবীর রুটির বুড়ি ব্যাখ্যা কর। ২
গ. সোহান যে দেশ থেকে গিয়েছে সে দেশের প্রশাসনিক কর্মকাণ্ড ব্যাখ্যা কর। ৩
ঘ. সোহান যে দেশে গিয়েছে তার সাথে তার নিজের দেশের জলবায়ু ও অর্থনৈতিক কর্মকাণ্ডের মধ্যে যে বৈসাদৃশ্যতা রয়েছে তা বিশ্লেষণ কর। ৪

৬। দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার প্রধান খাদ্যশস্যটি মৌসুমি অঞ্চলের ফসল হিসেবে পরিচিত। ফসলটি উৎপাদনে সিকিয়াং ইয়াংসিকিয়াং নদী বিধৌত দেশটি বিশ্বে প্রথম স্থানের অধিকারী।

- ক. প্রগাঢ় কৃষি কাকে বলে? ১
খ. চা চাষের প্রাকৃতিক নিয়ামক-ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত শস্যটি উৎপাদনে অনুকূলীয় প্রাকৃতিক অবস্থা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত শস্যটির বিশ্বব্যাপী উৎপাদন ও বণ্টন বিশ্লেষণ কর। ৪

৭।



- ক. খনিজের সংজ্ঞা দাও। ১
খ. OPEC কী ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত খনিজটির গুরুত্ব ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত খনিজটির মধ্যপ্রাচ্যে উৎপাদন ও বণ্টন বিশ্লেষণ কর। ৪

৮। মাহিন তার শিক্ষকের কাছ থেকে শুনেছে, ইমারত নির্মাণ, ব্রিজ, রাস্তাঘাট তৈরিতে একটি খনিজ ব্যবহৃত হয়। আধুনিক সভ্যতার ভিত্তিই হলো উক্ত খনিজ, যাকে কেন্দ্র করে গড়ে উঠেছে বহু শিল্প। যার ব্যবহার ছাড়া যান্ত্রিকসভ্যতা গড়ে ওঠা সম্ভব নয়।

- ক. শিল্প কাকে বলে? ১
খ. কাঁচামাল কার্পাস বয়ন শিল্প গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত শিল্পটি গড়ে ওঠার কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত শিল্পটির জাপান ও আমেরিকা যুক্তরাষ্ট্রের

হলি ক্রস কলেজ, ঢাকা

৭। ১। ২। ৬।

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

ভূগোল দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১ ▶ দৃশ্যপট ১ : শরিফ ছোটবেলা থেকে প্রচুর খেলনা গাড়ি সংগ্রহ করে। তার এই আগ্রহের কথা আত্মীয়-পরিজন সবাই জানতো। তাই যখনই কেউ বাংলাদেশে আসতো, তখনই ছোট শরিফের জন্য উপহার হিসেবে খেলনা গাড়ি আনতো।

দৃশ্যপট ২ : শরিফ এখন বিশ্ববিদ্যালয়ে ভর্তি হবে। ছোটবেলার আগ্রহ তার এখনো আছে। তাই সে বৃত্তি নিয়ে পার্শ্ববর্তী দেশের পুনেতে অটো মোবাইল ইঞ্জিনিয়ারিং পড়তে যায়।

দৃশ্যপট ৩ : পড়াশোনায় ভালো রেজাল্ট করে শরিফ এখন চাকরি নিয়ে ওসাকা শহরে বড় অটো মোবাইল কোম্পানিতে কাজ করছে।

- ক. বাফার রাষ্ট্র কী? ১
খ. সম্ভাবনাবাদ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. দৃশ্যপট-১ এ উল্লিখিত দেশের ভৌগোলিক অবস্থান ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যপট-২ ও দৃশ্যপট-৩ এ উল্লিখিত দেশ দুটোর কৃষি, খনিজ ও শিল্পের মধ্যে তুলনামূলক আলোচনা কর। ৪

২ ▶ ঢাকা থেকে শিপন কাগুই পানি বিদ্যুৎ কেন্দ্রে চাকরি পেয়ে রাঙামাটি এসেছে প্রায় একমাস হলো। রাঙামাটি এসে প্রথম প্রথম বিভিন্ন জায়গায় ঘুরে বেড়াতে তার ভালো লাগলেও এখন সে ঢাকা শহরের কর্মচঞ্চলতার খুব অভাববোধ করে। সন্ধ্যার পর তার করার কিছু থাকে না। পুরো শহর নিস্তর হয়ে পড়ে। সে লক্ষ করে ঢাকার জনবসতির সাথে এখানকার জনবসতির বিস্তর পার্থক্য।

- ক. CDR এর পূর্ণরূপ লেখ। ১
খ. জনমিতিক ট্রানজিশনাল মডেলের মূলকথা কী? ব্যাখ্যা কর। ২
গ. রাঙামাটির জনবসতি কোন ধরনের? এ ধরনের জনবসতি গড়ে ওঠার কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. ঢাকার মতো জনবসতি বাংলাদেশের যে যে ক্ষেত্রে প্রভাব ফেলবে সেগুলো বিশ্লেষণ কর। ৪

৩ ▶ বাংলাদেশ কৃষিপ্রধান দেশ হলেও সনাতন পদ্ধতির চাষাবাদের কারণ এ দেশের কৃষি কার্যক্রম এখনও পিছিয়ে আছে। এদেশ কৃষিক্ষেত্রে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করতে পারেনি। বিশেষজ্ঞদের মতে, কৃষি যান্ত্রিকীকরণ ছাড়া কৃষির উৎপাদন বৃদ্ধি সম্ভব নয়। তাই বহুমুখী কৃষি, কৃষি উন্নয়ন ও উৎপাদন বৃদ্ধির জন্য দেশে বেশ কিছু কৃষি বিষয়ক সংস্থা তাদের কার্যক্রম চালিয়ে যাচ্ছে।

- ক. অর্থকরী ফসল কাকে বলে? ১
খ. প্রগাঢ় বা নিবিড় কৃষি বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. কৃষি উন্নয়নে উদ্দীপকে ইঙ্গিতকৃত সংস্থাগুলোর ভূমিকা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত কৃষিযান্ত্রিকীকরণ কীভাবে কৃষি উৎপাদন বৃদ্ধিতে অবদান রাখবে? বিশ্লেষণ কর। ৪

৪ ▶ শস্য ১ : পরিমিত উত্তাপ ও বৃষ্টিপাত এই ফসলের জন্য দরকার। এটা চিনি শিল্পের প্রধান কাঁচামাল।

শস্য ২ : কম উত্তাপ ও কম বৃষ্টিপাত এই ফসলের জন্য প্রয়োজন। এটা

দ্বারা আটা ও ময়দা প্রস্তুত করা হয়।

- ক. চা কোন অঞ্চলের ফসল? ১
খ. হুনান প্রদেশকে কেন ধানের আধার বলা হয়? ২
গ. উদ্দীপকে 'শস্য ২' এর বিশ্বব্যাপী উৎপাদন ও বন্টন ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে 'শস্য ১' এর চাষের সমস্যাসমূহ বিশ্লেষণ কর। ৪

৫ ▶



- ক. সৌরশক্তি কাকে বলে? ১
খ. কীভাবে কয়লার সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে অঙ্কিত দেশটিতে প্রাপ্ত 'খ' চিহ্নিত খনিজটির ক্ষেত্রগুলো ব্যাখ্যা কর। ৩
ঘ. 'ক' চিহ্নিত অঞ্চলের প্রধান শক্তিসম্পদের অর্থনৈতিক গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৬ ▶

খনিজ	ব্যবহার
'X'	পরিবহন ও জ্বালানি খাতে ব্যবহৃত হয়
'Y'	যন্ত্রসভ্যতার ভিত্তি

- ক. শক্তি সম্পদ কী? ১
খ. OPEC এর উদ্দেশ্য ব্যাখ্যা কর। ২
গ. বিশ্বব্যাপী 'Y' খনিজের উৎপাদন ও বন্টন ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত খনিজগুলোসহ অন্যান্য খনিজের দীর্ঘমেয়াদি ব্যবহার কীভাবে নিশ্চিত করা যায়? বিশ্লেষণ কর। ৪

৭ ▶

বর্তমান যুগে শিল্পায়ন ছাড়া কোনো দেশ উন্নত হতে পারে না। স্বাধীনতার পর বাংলাদেশে বিভিন্ন শিল্পকারখানা প্রতিষ্ঠিত হয়েছে। এমন একটি শিল্প হলো 'G', যেখানে লাখ লাখ নারী শ্রমিক কর্মরত আছে যাদের কর্ম প্রচেষ্টায় এই শিল্পকারখানা দেশে দ্রুত বিকাশ লাভ করেছে। ফলে দেশে নারী শ্রমিকেরা অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হতে পেরেছে।

- ক. শিল্প কাকে বলে? ১
খ. অর্থনৈতিক উন্নয়নে শিল্পের দুটি গুরুত্ব ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত শিল্প প্রতিষ্ঠান বিকাশের কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত শিল্পের উন্নয়নে নারী শ্রমিকের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৮ ▶

প্রশান্ত মহাসাগরে এশিয়া মহাদেশের অন্তর্ভুক্ত চারটি বৃহৎ দ্বীপের সমন্বয়ে গঠিত এই দেশের প্রধান শিল্প গড়ে ওঠেছে তুলাকে কেন্দ্র করে। অপরদিকে উত্তর আমেরিকার অন্তর্গত ৫০টি অঙ্গরাজ্যবিশিষ্ট একটি দেশে গড়ে ওঠেছে সমরোপযোগী অন্য একটি শিল্প যার কাঁচামাল লৌহ আকরিক। দুটি শিল্পই দুটো দেশের অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখে।

- ক. শিল্পের স্থানীয়করণ কাকে বলে? ১
খ. শিল্পের জন্য সরকারি পৃষ্ঠপোষকতা প্রয়োজন কেন? ২
গ. প্রথম দেশে ইঙ্গিতকৃত শিল্পের উৎপাদন ও বন্টন ব্যাখ্যা কর। ৩

ঘ. দ্বিতীয় দেশে উক্ত শিল্প গড়ে উঠার কারণগুলো বিশ্লেষণ কর। ৪

ঢাকা সিটি কলেজ

৭। ১। ২। ৬।

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

ভূগোল দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১▶ বাংলাদেশের ন্যায় বিশ্বের অন্যান্য দেশের বৃষ্টিবহুল অঞ্চলে একটি ফসলের চাষ করা হয়। ফসলটি চাষে সাধারণত ১৫০-২০০ সেন্টিমিটার বৃষ্টিপাতের প্রয়োজন হয়। বিশেষত উর্বর লৌহ মিশ্রিত দো-আঁশ মাটিতে ফসলটির চাষ বেশ উপযোগী। এই ফসল চাষের ক্ষেত্রে বিশেষ ভূপ্রকৃতি সহায়ক ভূমিকা পালন করে।

ক. জিএসপি এর পূর্ণরূপ লেখ। ১

খ. শিল্পায়ন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত ফসলটি আবাদে ভৌগোলিক উপাদান ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত ফসলটির অর্থনৈতিক গুরুত্ব বর্ণনা কর। ৪

২▶ বাংলাদেশের কয়েকটি শহরে প্রতিদিন সকালবেলা শত শত মহিলা কাজের উদ্দেশ্যে নির্দিষ্ট শিল্প প্রতিষ্ঠানে গমন করে। তারা দীর্ঘ সময় ধরে বিশেষ ধরনের সামগ্রী তৈরি করে থাকে। শিল্পটি বিলিয়ন ডলার শিল্প নামে পরিচিত।


ক. খনিজ কী? ১

খ. কানাডার প্রেইরি তৃণভূমিকে 'পৃথিবীর রুড়ি' বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত শিল্পে নারী কর্মীদের ভূমিকা বর্ণনা কর। ৩

ঘ. এদেশের অর্থনীতিতে উদ্দীপকে ইঙ্গিতকৃত শিল্পের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৩▶



ক. কৃষি কী? ১

খ. রাজনৈতিক অঞ্চল বলতে কী বোঝায়? ২

গ. মানচিত্রে 'A' চিহ্নিত অঞ্চলে জনসংখ্যার ঘনত্ব বেশি হওয়ার কারণ বিশ্লেষণ কর। ৩

ঘ. 'B' অঞ্চলে জনসংখ্যার ঘনত্বের ক্ষেত্রে প্রভাব বিস্তারকারী নিয়ামকসমূহ ব্যাখ্যা কর। ৪

৪▶ 'ক' তিনদিকে ভারতবেষ্টিত সার্কভুক্ত একটি দেশ। দেশটির দক্ষিণে বঙ্গোপসাগর। আয়তনে ক্ষুদ্র হলেও অতিরিক্ত জনসংখ্যার এ দেশটি বৈচিত্র্যময়।

ক. EPZ এর পূর্ণরূপ কী? ১

খ. জনসংখ্যার বিস্ফোরণ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত দেশটির ভৌগোলিক অবস্থানের তাৎপর্য বিশ্লেষণ কর। ৩

ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত দেশটির মানচিত্র অঙ্কনপূর্বক প্রশাসনিক

বিভাগসমূহ চিহ্নিত কর। ৪

৫▶



ক. অর্থকরী ফসল কী? ১

খ. কাম্য জনসংখ্যা কাকে বলে? ২

গ. উদ্দীপকে উল্লিখিত মডেলের দুটি পর্যায় ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত মডেলের আলোকে মানচিত্রের দেশটিকে বিশ্লেষণ কর। ৪

৬▶ বাংলাদেশের উত্তর-পশ্চিমাঞ্চল ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলে কাঁচামালের যোগান বেশি থাকায় রাজশাহী ও রংপুরে একটি শিল্পের বেশ কিছু কারখানা গড়ে উঠেছে। অনুকূল পরিবেশ বিশেষ করে কাঁচামাল সংকটের কারণে সিলেট বিভাগে শিল্পটির কারখানা গড়ে ওঠেনি।


ক. জনমিতি কী? ১

খ. বিনিয়োগ ছাড়া শিল্পায়ন সম্ভব নয়- ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত শিল্পটি গড়ে ওঠার ভৌগোলিক নিয়ামক ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত শিল্পের সমস্যা বর্ণনা কর। ৪

৭▶



ক. কুটিরশিল্প কী? ১

খ. OPEC বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে 'ক' বলয়ে উত্তোলিত খনিজটির উৎপাদন বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত খনিজটির অর্থনৈতিক গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৮▶ আর্দ্র মৌসুমি জলবায়ু অঞ্চলে অবস্থিত একটি জনবহুল দেশের বেশিরভাগ মানুষ কৃষিকাজের সাথে যুক্ত রয়েছে। দেশটিতে ঋতুভেদে ভিন্ন ভিন্ন ফসলের আবাদ করা হয়। কৃষিকাজের বিভিন্ন ক্ষেত্রে আর্থিক, প্রযুক্তিক, ট্রেনিং ও মাঠ পর্যায়ে নানা ধরনের সাহায্য-সহযোগিতা প্রদানে দেশটির বিভিন্ন সংস্থা কাজ করে যাচ্ছে।

ক. শক্তি সম্পদ কী? ১

খ. BRRI ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত দেশটির কৃষিক্ষেত্রের প্রাকৃতিক নিয়ামক ব্যাখ্যা কর। ৩

রাজশাহী কলেজ

৭। ৭। KW: 126

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

ভূগোল দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।


১। একটি তৃণজাতীয় শস্য যা প্রধান খাদ্যশস্য হিসাবে বিবেচিত হয়। মূলত নাতিশীতোষ্ণ ও শীতপ্রধান অঞ্চলে জন্মে। অপরদিকে আর একটি বর্ষজীবী উদ্ভিদ এশিয়ার বেশির ভাগ মানুষের খাদ্য যোগান দেয়। এটি দ্বিতীয় প্রধান খাদ্যশস্য এবং মূলত আর্দ্র-উষ্ণ ও আর্দ্র নাতিশীতোষ্ণ অঞ্চলে জন্মে। আন্তর্জাতিক বাজারে উভয় খাদ্যশস্যের একটি বিশাল বাজার রয়েছে।

- ক. কোন অঞ্চলকে পৃথিবীর রুটির ঝুড়ি বলা হয়? ১
খ. নিবিড় কৃষি ও ব্যাপক কৃষির মধ্যে পার্থক্য লেখ। ২
গ. উদ্দীপকে বর্ণিত প্রথম খাদ্যশস্যের ভৌগোলিক নিয়ামক ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত দ্বিতীয় খাদ্যশস্যের উৎপাদন ও বাণিজ্য আলোচনা কর। ৪

২। মধ্যপ্রাচ্যের দেশগুলো তরল সোনা নামে অভিহিত একটি খনিজ সম্পদে সমৃদ্ধ। এই সম্পদটি তাদের অর্থনৈতিক উন্নয়নের হাতিয়ার। পাশাপাশি বিভিন্ন পরিস্থিতিতে এটিকে রাজনৈতিক হাতিয়ার হিসাবে ব্যবহার করা হয়েছে।

- ক. গ্রাফাইট কী? ১
খ. আকরিক লোহার শ্রেণিবিভাগ দেখাও। ২
গ. উদ্দীপকে উল্লিখিত খনিজের ভূ-রাজনৈতিক গুরুত্ব ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত খনিজটির বিশ্ব উৎপাদন ও বন্টন আলোচনা কর। ৪

৩।



- ক. রাজনৈতিক অঞ্চল কাকে বলে? ১
খ. জাপানকে সূর্যোদয়ের দেশ বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. চিত্রের 'খ' চিহ্নিত মহাদেশের ভৌগোলিক অবস্থা ব্যাখ্যা কর। ৩
ঘ. চিত্রের 'ক' দেশ ও যুক্তরাজ্যের শাসন ব্যবস্থার তুলনামূলক চিত্র তুলে ধর। ৪

৪। ২০২১-২২ অর্থবছরে বাংলাদেশের প্রধান রপ্তানি খাত ছিল তৈরি পোশাক শিল্প (৩১.৪৬ বিলিয়ন ডলার), পাট ও পাটজাত দ্রব্য (৬.৫৯ বিলিয়ন ডলার), চিংড়ি ও হিমায়িত খাদ্য (২৬৮.৯৫ বিলিয়ন ডলার), চামড়া ও চামড়াজাত দ্রব্য, হোম টেক্সটাইল, কৃষিজাত পণ্য, ঔষধশিল্প পণ্য, প্লাস্টিক পণ্য, বাইসাইকেল ইত্যাদি। ধীরে ধীরে অপ্রচলিত পণ্য যেমন হোম টেক্সটাইল, ঔষধশিল্প পণ্য, পাটজাত পণ্য, বাইসাইকেল প্রভৃতি রপ্তানি বৃদ্ধি পাচ্ছে।

- ক. তৈরি পোশাক শিল্প কী? ১
খ. বাংলাদেশের শিল্পায়নে রাজনৈতিক স্থিতিশীলতার গুরুত্ব ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত অপ্রচলিত রপ্তানি পণ্য দেশের অর্থনীতিতে কী প্রভাববিস্তার করতে পারে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত নেতৃস্থানীয় শিল্পখাতের বিকাশে নারী কর্মীর অবদান বিশ্লেষণ কর। ৪

৫। বাংলাদেশের প্রধান তিন কৃষিক্ষেত্র হচ্ছে ফসল উৎপাদন, পশুপালন ও মৎস্যচাষ। এগুলো জলবায়ু, সঠিক পরিকল্পনা, প্রযুক্তিগত উৎকর্ষতা ও বিনিয়োগের সাথে সম্পর্কিত। আমাদের দেশে অর্থনৈতিক অবস্থা, যথার্থ


- ক. BARI পূর্ণরূপ লেখ। ১
 খ. বাংলাদেশের ফসল উৎপাদনে জলবায়ুর প্রভাব ব্যাখ্যা কর। ২
 গ. উদ্দীপকে উল্লিখিত দ্বিতীয় ক্ষেত্রের সমস্যাসমূহ ব্যাখ্যা কর। ৩
 ঘ. উদ্দীপকে বর্ণিত প্রথম ক্ষেত্রে প্রযুক্তির ব্যবহার বাংলাদেশের প্রেক্ষিতে আলোচনা কর। ৪
- ৬ ▶ ২০২২ সালের তথ্যভিত্তিক লৌহ ও ইস্পাত শিল্প বিষয়ক সারণীটি ব্যবহার করে উত্তর দাও :

দেশ	উৎপাদন (মে. টন)	রপ্তানি (মে. টন)	আমদানি (মে. টন)
চীন	১০৩২.৭৯	৬৮.১	৯.৪
ভারত	১১৮.২০	১২.১	
জাপান	৯৬.৩৩	৩১.৭	
ইউএসএ	৮৫.৭৯	৮.৩	৪৯.০
রাশিয়া	৭৫.৫৮	১৭.৯	৮.৮

- ক. শিল্পের নিয়ামক বলতে কী বোঝায়? ১
 খ. বাংলাদেশের উত্তরবঙ্গে চিনি শিল্প গড়ে উঠার কারণ ব্যাখ্যা কর। ২
 গ. নিজস্ব কাঁচামাল না থাকা সত্ত্বেও উদ্দীপকে উল্লিখিত তৃতীয় দেশটি একটি ব্যতিক্রম— শিল্প স্থাপনের নিয়ামকের আলোকে তা ব্যাখ্যা কর। ৩
 ঘ. উদ্দীপকে উল্লিখিত দ্বিতীয় দেশের উৎপাদন ও বর্গন আলোচনা কর। ৪
- ৭ ▶ ভূগোলের একটি প্রধান ভাগ হচ্ছে মানবিক ভূগোল। এখানে মূলত মানুষ, পরিবেশ ও সংস্কৃতির বিভিন্ন অনুষঙ্গ নিয়ে আলোচনা করা হয়। মানব ভূগোলের প্রধান প্রধান শাখা হচ্ছে রাজনৈতিক ভূগোল, জনসংখ্যা

- ভূগোল, বসতি ভূগোল, অর্থনৈতিক ভূগোল, পরিবহন ভূগোল, সাংস্কৃতিক ভূগোল প্রভৃতি।
 ক. মানব ভূগোল কাকে বলে? ১
 খ. সম্ভাবনাবাদের ধারণাটি ব্যাখ্যা কর। ২
 গ. বর্ণিত প্রধান ভাগের বিষয়বস্তু উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
 ঘ. উদ্দীপকে বর্ণিত শাখাসমূহ অধ্যয়নের গুরুত্ব আলোচনা কর। ৪

৮ ▶



- ক. স্থূল জন্মহার নির্ণয়ের সূত্রটি লেখ। ১
 খ. অভিগমনের কারণ ব্যাখ্যা কর। ২
 গ. মানচিত্রের 'ক' চিহ্নিত স্থানের জনসংখ্যা বৃদ্ধিতে স্বাভাবিক জন্মহারের চেয়ে অভিগমন বেশি প্রভাববিস্তার করে— বিবৃতিটি উপাত্তের আলোকে ব্যাখ্যা কর। ৩
 ঘ. মানচিত্রের 'ক' ও 'খ' স্থানের জনসংখ্যার ঘনত্বের ভিন্নতার কারণ বিশ্লেষণ কর। ৪

সরকারি মাইকেল মধুসূদন কলেজ, যশোর

৭। ১। ২। ৬।

সময়—২ ঘণ্টা ৩৫ মিনিট

ভূগোল দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৫০

- দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।
- ১ ▶ নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :
- কানাডার ব্রিটিশ কলম্বিয়া ইউনিভারসিটির একদল শিক্ষার্থীর শিক্ষা সফরের অংশ হিসেবে বাংলাদেশের প্রতিবেশী দেশে ভ্রমণের সুযোগ পায়। সে দেশটি পৃথিবীর বৃহত্তম জনবহুল দেশ এবং দেশটির আকৃতি কিছুটা ত্রিভুজাকৃতির উপদ্বীপ।
- ক. পৃথিবীর ক্ষুদ্রতম ও সপ্তম মহাদেশ কোনটি? ১
 খ. মানব ভূগোল বলতে কী বোঝায় ব্যাখ্যা কর। ২
 গ. উদ্দীপকে উল্লিখিত শিক্ষার্থীরা শিক্ষা সফরে যে দেশে গেল সেই দেশটির ভৌগোলিক অবস্থান ব্যাখ্যা কর। ৩
 ঘ. উদ্দীপকে শিক্ষার্থীদের ভ্রমণকৃত দেশের ভূপ্রকৃতির বিশ্লেষণ কর। ৪
- ২ ▶ নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :
- শিক্ষক ক্রাসে জনমিতিক ট্রানজিশনাল মডেল পড়াতে গিয়ে এই তত্ত্বে বাংলাদেশ পূর্বে মডেলের ১ম ধাপে এবং সুইডেনের ৪র্থ ধাপে অবস্থানের কথা উল্লেখ করেন।
- ক. জনমিতিক ট্রানজিশনাল মডেল প্রদান করেন কে? ১
 খ. জনমিতিক উপাদানের গুরুত্ব ব্যাখ্যা কর। ২
 গ. উদ্দীপকে উল্লিখিত বাংলাদেশ এই মডেলের কোন পর্যায়ে অবস্থান করে। ৩
 ঘ. উদ্দীপকে বর্ণিত দেশদ্বয়ের মডেলটির তুলনামূলক বিশ্লেষণ কর। ৪
- ৩ ▶ নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :
- রাফি এবং সাদিয়া মাইকেল মধুসূদন কলেজে পড়াশুনা করত। এইচএসসি পরীক্ষায় দু'জনেই জিপিএ-৫ পেয়ে উত্তীর্ণ হয়। সাদিয়া বৃত্তির সুযোগ পেয়ে তার কাজিকত বিষয়ে উচ্চ শিক্ষার জন্য আমেরিকায় চলে যায় এবং রাফি একই বিষয়ে একটি প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়ে ঢাকায় অবস্থান করে।
- ক. CDR এর পূর্ণরূপ লেখ। ১
 খ. সুন্দরবনের জনবসতি অতি বিরল— ব্যাখ্যা কর। ২
 গ. উদ্দীপকে সাদিয়ার ক্ষেত্রে ঘটে যাওয়া অভিগমনের কারণ ব্যাখ্যা কর। ৩
 ঘ. উদ্দীপকে রাফি ও সাদিয়ার অভিগমনের ভিন্নতা বিশ্লেষণ কর। ৪
- ৪ ▶ নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :
- তানিয়া ঢাকার গাজীপুরে বাস করে। তার বাড়ির আশেপাশে একটি বিশেষ শিল্প ব্যাপকভাবে গড়ে উঠেছে। দ্রুত বিকাশমান শিল্পটি বৈদেশিক মুদ্রা অর্জনে এবং নারী কর্মসংস্থানের ক্ষেত্রে বিরাট অবদান রাখছে।
- ক. শিল্প কী? ১
 খ. শিল্পায়নের সাথে রাজনৈতিক স্থিতিশীলতা ব্যাখ্যা কর। ২
 গ. তানিয়ার এলাকায় শিল্পটি ব্যাপকভাবে গড়ে উঠার কারণ ব্যাখ্যা কর। ৩
 ঘ. উদ্দীপকে আলোচিত শিল্পটি বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে

কীভাবে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে? বিশ্লেষণ কর।

8

৫ ▶ নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

ইয়াংসিকিয়াং ও সিকিয়াং নদী বিধৌত দেশটি ধান উৎপাদনে বিশ্বে শীর্ষস্থান দখল করে আছে। অন্যদিকে প্রাকৃতিক বিভিন্ন নিয়ামকের অনুকূল অবস্থা বিদ্যমান থাকার কারণে বাংলাদেশ প্রচুর ধান উৎপন্ন করলেও অত্যধিক জনসংখ্যার চাহিদা পূরণে বাংলাদেশকে প্রচুর চাল আমদানি করতে হয়।

- ক. এশিয়ার অধিবাসীদের প্রধান খাদ্যশস্য কোনটি? ১
খ. প্রেইরী অঞ্চলকে পৃথিবীর 'রুটির বুড়ি' কেন বলা হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত দেশটির ধান উৎপাদনের প্রাকৃতিক নিয়ামক ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের দেশটির ধান উৎপাদনের তারতম্যের কারণ বিশ্লেষণ কর। ৪

৬ ▶ নিচের চিত্রটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. খনিজ কাকে বলে? ১
খ. পিট কয়লা কীভাবে সৃষ্টি হয়? ২
গ. মানচিত্রে 'ক' চিহ্নিত অঞ্চলের প্রধান খনিজদ্রব্যটি ব্যাখ্যা কর। ৩
ঘ. মানচিত্রে 'ক' চিহ্নিত অঞ্চলের প্রধান খনিজদ্রব্যটির মধ্যপ্রাচ্য বলয়ের উৎপাদন বিশ্লেষণ কর। ৪

৭ ▶ নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

সাহেব আলি একজন শিল্পপতি। সম্প্রতি তিনি একটি শিল্প স্থাপনের সিদ্ধান্ত নিয়েছেন। এ ধরনের শিল্প সকল শিল্পের মূল। কৃষি, শিল্প, পরিষেবা প্রভৃতি অর্থনৈতিক কাজকর্মের যেকোনো ধারায় উন্নতির জন্য এ শিল্পের অগ্রসর হওয়া একান্ত প্রয়োজন। এ শিল্প পৃথিবীর ভারী শিল্পগুলোর অন্যতম।

- ক. বিলিয়ন ডলার শিল্প বলা হয় কোনটিকে? ১
খ. ভারতের গুরুত্বপূর্ণ কার্পাস বয়নশিল্প কেন্দ্রগুলো কোথায় অবস্থিত? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত শিল্পের গড়ে উঠার কারণসমূহ ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত শিল্পের উৎপাদন ও বন্টন বিশ্লেষণ কর। ৪

৮ ▶ নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

মানব ভূগোল, ভূগোলশাস্ত্রের একটি অন্যতম শাখা। এখানে মানবজাতির চেহারা, আকৃতি, বেশভূষা, দৈনন্দিন ক্রিয়াকলাপ ইত্যাদি সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। এ শাস্ত্র পাঠে মানব ভূগোলের বিষয়বস্তু ও শাখা সম্পর্কেও জানা যায়। এ কারণে মানব ভূগোল পাঠ করা খুবই জরুরি।

- ক. মানব ভূগোল কী? ১
খ. মানব ভূগোলের ক্ষেত্র বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের আলোকে ভূগোল শাখাটির বিষয়বস্তু আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত ভূগোল শাখাটির প্রয়োজনীয়তা বিশ্লেষণ কর। ৪

সিলেট সরকারি কলেজ

১২৬

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

ভূগোল দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।

- ১ ▶ ভূগোলের অন্যতম একটি শাখায় মানুষ ও তার কর্মকাণ্ডের ওপর অধিক গুরুত্ব দেওয়া হয়। যেখানে মানবসৃষ্ট পরিবেশের উন্নতি, সৃষ্টি ও ব্যবস্থাপনা নিয়ে আলোচনা করা হয়। ভূগোলের এই শাখাটি আবার কতকগুলো উপশাখায় বিভক্ত।
- ক. সার্বভৌমত্ব কী? ১
- খ. নামীয় অঞ্চলের সীমানা সুনির্দিষ্ট নয়— ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকে উল্লিখিত বিষয়ের ইঙ্গিতকৃত শাখাটির শ্রেণিবিভাগ ব্যাখ্যা কর। ৩
- ঘ. মানবজীবনে উদ্দীপকের শাখাটির প্রয়োজনীয়তা বিশ্লেষণ কর। ৪

২ ▶ সারণি : বাংলাদেশের জনসংখ্যার বৃদ্ধি হার

শুমারি বছর	জনসংখ্যার বৃদ্ধির হার	শুমারি বছর	জনসংখ্যা বৃদ্ধির হার
১৯১১	০.৯৪%	১৯৭৪	২.৪৮%
১৯২১	০.৬০%	১৯৮১	২.৩৫%
১৯৩১	০.৭৪%	১৯৯১	২.১৭%
১৯৪১	১.৭০%	২০০১	১.৪৮%
১৯৫১	২.১২%	২০১১	১.৩৪%
১৯৬১	২.২৬%	২০২১	১.২২%

উৎস : বিবিএস

- ক. অভিগমন কী? ১
- খ. স্থূল জন্মহার ও স্থূলমৃত্যুহার নির্ণয়ের পদ্ধতি ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের সারণির তথ্য যে মডেলের মাধ্যমে ব্যাখ্যা করা যায় তার ধাপসমূহ ব্যাখ্যা কর। ৩
- ঘ. সারণির তথ্য ব্যবহার করে উদ্দীপকের দেশটির অবস্থান জনমিতিক ট্রানজিশনাল মডেলের মাধ্যমে বিশ্লেষণ কর। ৪


৩ ▶ সারণির বিভাগ অনুযায়ী জনসংখ্যার ঘনত্ব, ২০২২

বিভাগ	জনসংখ্যার ঘনত্ব (প্রতি বর্গ কি.মি.)
ঢাকা	২,১৫৬
ময়মনসিংহ	১,১৪৬
রাজশাহী	১,১২১
রংপুর	১,০৮৮
চট্টগ্রাম	৯৭১
সিলেট	৮৭৩
খুলনা	৭৮২
বরিশাল	৬৮৮

উৎস : জনশুমারি ও গৃহগণনা-২০২২

- ক. কাম্য জনসংখ্যা কী? ১
- খ. অভিগমনের আকর্ষণ ও বিকর্ষণমূলক কারণের ব্যাখ্যা দাও। ২
- গ. সারণির জনমিতিক উপাদানটি নির্ণয়ের সূত্রসহ দেশটির বর্তমান অবস্থা ব্যাখ্যা কর। ৩
- ঘ. সারণিতে উল্লিখিত বিভাগসমূহে জনসংখ্যার ঘনত্বের তারতম্যের বিশ্লেষণ কর। ৪

৪ ▶



- ক. BARI পূর্ণরূপ কী? ১
- খ. পৃথিবীর রুটির বৃষ্টি কী? ব্যাখ্যা দাও। ২
- গ. মানচিত্রে চিহ্নিত 'ক' অঞ্চলে অধিক পরিমাণে উৎপাদিত কৃষিপণ্যটির প্রাকৃতিক নিয়ামকসমূহ ব্যাখ্যা কর। ৩
- ঘ. মানচিত্রে 'খ' চিহ্নিত অঞ্চলে চিনি উৎপাদনকারী কৃষিপণ্যটির অর্থনৈতিক এবং সাংস্কৃতিক নিয়ামকসমূহ ব্যাখ্যা কর। ৪

একটি দেশের ভৌগোলিক অবস্থান	প্রধান কৃষিক্ষেত্র
২০°৩৪' উত্তর অক্ষরেখা থেকে ২৬°৩৮' উত্তর অক্ষরেখার মধ্যে এবং ৮০°০১' পূর্ব দ্রাঘিমা রেখা থেকে ৯২°৪১' পূর্ব দ্রাঘিমা রেখার মধ্যে	ফসল উৎপাদন, পশুপালন, মৎস্য চাষ, বনায়ন।

- ক. জুম চাষ কী? ১
- খ. কৃষির উপর জলবায়ুর প্রভাব ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত দেশটির কৃষিতে আধুনিক প্রযুক্তির ব্যবহার ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকে দেশটির আর্থ-সামাজিক উন্নয়নে উল্লিখিত কৃষির ক্ষেত্রসমূহের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

খনিজ	বৈশিষ্ট্য
A	গ্যাসীয় ও হাইড্রোকার্বনের মিশ্রণ, সার শিল্পে ব্যবহৃত হয়।
B	হলদে সবুজ থেকে কালচে বাদামি রঙের তরল পদার্থ।

- ক. শক্তি সম্পদ কাকে বলে? ১
- খ. কয়লা তৈরির প্রক্রিয়াটি ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকে 'A' খনিজটির অর্থনৈতিক গুরুত্ব ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকের 'B' খনিজটির বৈশ্বিক বলয় মানচিত্রে প্রদর্শন কর। ৪

দেশ 'ক'	
আয়তন	৫৬,৯৭৭ বর্গমাইল।
অর্থনৈতিক উন্নয়নের মাত্রা বা স্তর	উন্নয়নশীল দেশ।
খনিজ সম্পদ	ধাতব, অধাতব, শক্তি সম্পদ।

- ক. তরল সোনা কী? ১
- খ. খনিজ এলাকার পরিবেশ সংরক্ষণ গুরুত্বপূর্ণ— ব্যাখ্যা দাও। ২
- গ. উদ্দীপকের 'ক' দেশটির অর্থনীতিতে খনিজ সম্পদের গুরুত্ব ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকের দেশের অধাতব খনিজ সম্পদসমূহের বণ্টন মানচিত্রের মাধ্যমে ব্যাখ্যা কর। ৪

কাঁচামাল ও উৎপাদন প্রক্রিয়া	উৎপাদিত শিল্প
তুলা— সুতা—	A শিল্প
A শিল্পের উৎপাদিত পণ্য—	B শিল্প



- ক. শিল্প কী? ১
- খ. 'শক্তি সম্পদের ওপর নির্ভর করে শিল্প গড়ে উঠে'— ব্যাখ্যা কর। ২
- গ. মানচিত্রে চিহ্নিত 'ক' দেশটির নারীর ক্ষমতায়নে B শিল্পটির ভূমিকা ব্যাখ্যা কর। ৩
- ঘ. মানচিত্রে চিহ্নিত দেশ দুটির শিল্পের তুলনামূলক বিশ্লেষণ দাও। ৪

অমৃত লাল দে মহাবিদ্যালয়, বরিশাল

www.KWV: 126

সময়—২ ঘণ্টা ৩৫ মিনিট

ভূগোল দ্বিতীয় পত্র • সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৫০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।

- ১ ▶ রেবা ভারত থেকে পার্শ্ববর্তী একটি দেশের মেডিকেল কলেজে পড়তে এসেছে। যার দক্ষিণে বঙ্গোপসাগর অবস্থিত।
- ক. মানব ভূগোল কী? ১
- খ. মানব ভূগোল অধ্যয়নের গুরুত্ব ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের আনিকার পড়তে আসা দেশটির প্রশাসনিক বিভাগগুলো মানচিত্রে প্রদর্শন কর। ৩
- ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত দেশটির ভৌগোলিক অবস্থানের তাৎপর্য বিশ্লেষণ কর। ৪
- ২ ▶ অনু দক্ষিণ এশিয়ার একটি কৃষিপ্রধান দেশের অধিবাসী। দেশটির তিন দিক ঘিরে রয়েছে অন্য একটি বৃহত্তম দেশ। আয়তনে ক্ষুদ্র হলেও বিশাল জনসংখ্যার এই দেশটি বিশেষ বৈশিষ্ট্যপূর্ণ।
- ক. এশিয়া মহাদেশের অন্তর্গত বৃহত্তম দেশের নাম কী? ১
- খ. সংক্ষেপে অর্থনৈতিক ভূগোলের বৈশিষ্ট্য লেখ। ২
- গ. উদ্দীপকে উল্লিখিত অনুর দেশটির মানচিত্রে অঙ্কন করে দশটি জেলা চিহ্নিত কর। ৩
- ঘ. উদ্দীপকে উল্লিখিত দেশ দুইটির ভৌগোলিক তাৎপর্য বিশ্লেষণ কর। ৪
- ৩ ▶ আনিকা ঢাকা মহানগরে বসবাস করে। ঢাকা মহানগরীর জনসংখ্যার ঘনত্ব অনেক বেশি। সে গ্রীষ্মের ছুটিতে বান্দরবান জেলায় তার বান্দবীর বাড়ি বেড়াতে গিয়ে লক্ষ করল সেখানে জনবসতি অনেক দূরে দূরে অবস্থিত।
- ক. জনসংখ্যার ঘনত্ব কাকে বলে? ১
- খ. শিল্পবিপ্লবের পূর্বে জনসংখ্যার ঘনত্ব কম ছিল কেন? ২
- গ. উদ্দীপকে আনিকার বসবাসকৃত এলাকার জনসংখ্যার ঘনত্ব বেশি হওয়ার কারণ ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকে আনিকার বান্দবীর এলাকায় জনবসতি অনেক দূরে দূরে কেন? বিশ্লেষণ কর। ৪
- ৪ ▶ রেবার মামা সিলেটের চা বাগানে চাকরি করেন। রেবার বাড়ি ফরিদপুর জেলায়। সে সিলেটে মামার বাড়ি বেড়াতে গিয়ে দেখল সেখানকার উৎপাদিত ফসলের সাথে তার এলাকায় উৎপাদিত ফসলের অনেক পার্থক্য রয়েছে।
- ক. অর্থকরী ফসল কী? ১
- খ. বাংলাদেশের প্রধান অর্থকরী ফসলের নাম কী? ২
- গ. উদ্দীপকে বর্ণিত রেবার বাড়ি ফরিদপুরে উৎপাদিত অর্থকরী ফসলের বর্ণনা কর। ৩
- ঘ. উদ্দীপকের বর্ণিত রেবার এলাকায় উৎপাদিত ফসল ও তার মামার বাড়ি এলাকার উৎপাদিত ফসলের চাষ পদ্ধতির পার্থক্য বিশ্লেষণ কর। ৪
- ৫ ▶ নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. কৃষি কী? ১
- খ. চা চাষের জন্য কেমন জমি প্রয়োজন? ২
- গ. উদ্দীপকের 'ক' অঞ্চলে গম উৎপাদনের ভৌগোলিক নিয়ামক ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকের 'ক' ও 'খ' অঞ্চলের গম চাষের ক্ষেত্রে বিশ্ব বাণিজ্য মূল্যায়ন কর। ৪
- ৬ ▶ অনির মামা কাতারে চাকরি করেন। রেবা তার মামার কাছে জানতে পারল মধ্যপ্রাচ্য খনিজ সম্পদে সমৃদ্ধ। তবে তরল সোনা নামে খ্যাত খনিজটি এই অঞ্চলেই বেশি পাওয়া যায়।
- ক. শক্তি সম্পদ কী? ১
- খ. খনিজ সম্পদের গুরুত্ব লেখ। ২
- গ. উদ্দীপকের আলোকে মধ্যপ্রাচ্যের খনিজ তেল বলয়ের নাম লেখ। ৩
- ঘ. উদ্দীপকের আলোকে তরল সোনা নামে খ্যাত খনিজটি মধ্যপ্রাচ্যে বেশি পাওয়া যায়- উক্তিটি বিশ্লেষণ কর। ৪
- ৭ ▶ নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. সম্পদ কী? ১
- খ. খনিজ এলাকায় পরিবেশ সংরক্ষণ গুরুত্বপূর্ণ- ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকে 'ক' চিহ্নিত স্থানের খনিজটির বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকের 'ক' ও 'খ' এলাকার খনিজদ্রবের ব্যবহারিক গুরুত্ব বিশ্লেষণ কর। ৪
- ৮ ▶ সতেরো দশকের শুরুতে শিল্পবিপ্লব শুরু। আর প্রায় সকল শিল্পই লৌহ ও ইস্পাত শিল্পের ওপর নির্ভরশীল। তাই লৌহ ও ইস্পাত শিল্পের কাঁচামাল হলো আকরিক লৌহ যার দ্বারা সকল যন্ত্রপাতি তৈরি হয়। লৌহ ও ইস্পাত শিল্প বর্তমান সভ্যতার মেরুদণ্ড।
- ক. শিল্পায়ন কী? ১
- খ. শিল্পায়নের জন্য কী কী উপাদান প্রয়োজন? ২
- গ. উদ্দীপকের আলোকে আকরিক লৌহের গুরুত্ব লেখ। ৩
- ঘ. উদ্দীপকে বর্ণিত লৌহ ও ইস্পাত শিল্পকে বর্তমান সভ্যতার মেরুদণ্ড বলা হয়- বিশ্লেষণ কর। ৪

- ১▶ শিক্ষার্থীরা ভূপৃষ্ঠে পরিবেশের সাথে মানুষ ও মানুষের কর্মকাণ্ডের আন্তঃসম্পর্ক শীর্ষক এক সেমিনারে অংশগ্রহণ করে, যেখানে বক্তারা বলেন, কোনো স্থানের প্রাকৃতিক উপাদান ব্যতীত মানবসৃষ্ট যাবতীয় উপাদানই মানব পরিবেশের অন্তর্ভুক্ত।
- ক. কোন দুইটি মহাদেশকে একসাথে ইউরেশিয়া বলা হয়? ১
- খ. এশিয়ার ভৌগোলিক অবস্থান কী? ব্যাখ্যা কর। ২
- গ. সেমিনারের আলোচ্য বিষয়টি কতটা যুক্তিপূর্ণ ব্যাখ্যা কর। ৩
- ঘ. সেমিনার শেষে শিক্ষার্থীরা কীসের গুরুত্ব অনুধাবন করল তা বিশ্লেষণ কর। ৪
- ২▶ ২০১৭ সালে ৬ লক্ষের বেশি রোহিঙ্গা তাদের নিজ দেশ মিয়ানমার থেকে পালিয়ে বাংলাদেশে আশ্রয় নেয়। রোহিঙ্গাদের আশ্রয় প্রদান করে বাংলাদেশ বিশ্বসমাজে প্রশংসিত হলেও নানা ধরনের সমস্যার সম্মুখীন হতে হচ্ছে।
- ক. জন্মহার কাকে বলে? ১
- খ. ঘনত্বের বিচারে রাঙামাটি কোন ধরনের জনবসতি অঞ্চলের অন্তর্ভুক্ত ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকে উল্লিখিত জনগোষ্ঠীর বাংলাদেশে আগমন কোন ধরনের অভিগমন— ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকে উল্লিখিত জনগোষ্ঠীর বাংলাদেশে আগমনের প্রভাব বিশ্লেষণ কর। ৪
- ৩▶ আমির হোসেন গ্রামে বাস করে। বাড়িতে বসে তার নিজের তাঁতে লুঙ্গি, গামছা, ও শাড়ি বুনে। সপ্তাহের প্রতি বুধবার সে তার বোনা কাপড় নিয়ে মঠবাড়িয়া হাটে যায়। হাটটি গ্রামের মধ্যস্থানে, যাতায়াত সুবিধাও ভালো। সারাদিন কাপড় বিক্রি করে সন্ধ্যায় উদ্বৃত্ত মাল নিয়ে বাড়ি ফেরে।
- ক. গ্রামীণ হাটবাজার কাকে বলে? ১
- খ. পণ্য বিনিময়ের প্রাথমিক মাধ্যম হাট— ব্যাখ্যা কর। ২
- গ. মঠবাড়িয়ার হাটটি গড়ে ওঠার পেছনে ভৌগোলিক উপাদানের ভূমিকা ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকের আলোকে পণ্য বিনিময় কেন্দ্রের বৈশিষ্ট্য বিশ্লেষণ কর। ৪
- ৪▶ ইয়াংসিকিয়াং ও সিকিয়াং নদী বিধৌত দেশটি ধান উৎপাদনে বিশ্বে শীর্ষস্থান দখল করে আছে। প্রাকৃতিক বিভিন্ন নিয়ামকের অনুকূল অবস্থা বিদ্যমান থাকার কারণে আমরা প্রচুর ধান উৎপন্ন করলেও অত্যধিক জনসংখ্যার কারণে চাহিদা পূরণে আমাদের ধান আমদানি করতে হয়।
- ক. এশিয়ার অধিবাসীদের প্রধান খাদ্যস্য কোনটি? ১
- খ. প্রেইরী অঞ্চলকে পৃথিবীর 'রুটির ঝুড়ি' কেন বলা হয়? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত দেশটির ধান উৎপাদনের নিয়ামক ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকের দেশদ্বয়ের ধান উৎপাদনের তারতম্যের কারণ বিশ্লেষণ কর। ৪
- ৫▶ ইকবাল সাহেবের দিনাজপুরে বড়পুকুরিয়ায় ইটভাটা রয়েছে। ইটভাটার জ্বালানি হিসেবে তিনি তৈরি পোশাক শিল্পের ঝুট ও কাঠ ব্যবহার করতেন। কিন্তু পরিবেশ দূষণ ও প্রাকৃতিক ভারসাম্য রক্ষার্থে তিনি ঝুট ও কাঠ ব্যবহার না করে ইটের ভাটাটি চালু রাখতে চান। পাশাপাশি তিনি সড়ক নির্মাণে ঠিকাদারি ব্যবসায় নিজেস্বত্ব সম্পৃক্ত করার সিদ্ধান্ত নেন।
- ক. বিজয়পুরে কী পরিমাণ চীনা মাটি মজুদ রয়েছে? ১
- খ. বাংলাদেশের খনিজ সম্পদ উত্তোলন করা যাচ্ছে না কেন? ব্যাখ্যা কর। ২
- গ. ইকবাল সাহেব স্থানীয় উৎসের সাহায্যে কীভাবে প্রতিষ্ঠানটি চালু রাখতে পারেন? ব্যাখ্যা কর। ৩
- ঘ. ঠিকাদারি ব্যবসায় ইকবাল সাহেব নিজেস্বত্ব সম্পৃক্ত করার সিদ্ধান্তটি কতটুকু যুক্তিযুক্ত? বিশ্লেষণ কর। ৪
- ৬▶ রকিব সাহেব একজন শিল্পপতি। সম্প্রতি তিনি একটি শিল্প স্থাপনের সিদ্ধান্ত নিয়েছেন। এ ধরনের শিল্প সকল শিল্পের মূল। কৃষি, শিল্প, পরিষেবা প্রভৃতি অর্থনৈতিক কাজকর্মের যেকোনো ধারায় উন্নতির জন্য এ শিল্পের অগ্রসর হওয়া একান্ত প্রয়োজন। এ শিল্প পৃথিবীর ভারী শিল্পগুলোর অন্যতম।
- ক. বিলিয়ন ডলার শিল্প বলা হয় কোনটিকে? ১
- খ. ভারতের গুরুত্বপূর্ণ কার্পাস বয়নশিল্পকেন্দ্রগুলো কোথায় অবস্থিত? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকে উল্লিখিত শিল্পে কোন দেশ সবচেয়ে বেশি উন্নতি লাভ করেছে তার কারণ ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকে উল্লিখিত শিল্পের উৎপাদন ও বণ্টন বিশ্লেষণ কর। ৪
- ৭▶ সাকিবর ও রানা দুই বন্ধু ঢাকায় একটি কলেজে পড়াশোনা করে। সাকিবরের বাড়ি সিরাজগঞ্জ জেলায় এবং রানার বাড়ি বরিশালে। দুইজন গ্রামের বাড়িতে যাওয়ার সময় দুই ধরনের পথ অবলম্বন করে।
- ক. পৌরসভার সড়কপথ বলতে কী বোঝ? ১
- খ. সাকিবরের এলাকা থেকে ঢাকার যোগাযোগ ব্যবস্থা উন্নত হওয়ার পেছনে কোন নিয়ামকটি উল্লেখযোগ্য? ২
- গ. দুই বন্ধুর দুই ধরনের পথ বেছে নেওয়ার কারণ কী? ব্যাখ্যা কর। ৩
- ঘ. সাকিবর ও রানার এলাকার পথগুলো অর্থনৈতিকভাবে কতটুকু গুরুত্ব বহন করে? বিশ্লেষণ কর। ৪
- ৮▶ শিহাব টঙ্গীতে তার চাচার বাসায় বেড়াতে এসে দেখল মামাতো দুই ভাই পেটের পীড়ায় ভুগছে। সে জানতে পারল যে, ঐ এলাকায় লোকজন প্রায়শই আমাশয়, টাইফয়েড প্রভৃতি রোগে আক্রান্ত হয়।
- ক. বায়ুদূষণ কী? ১
- খ. মানবসৃষ্ট দূষণ ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত দূষণের কারণ ব্যাখ্যা কর। ৩
- ঘ. উল্লিখিত দূষণ প্রতিরোধের উপায়সমূহ বিশ্লেষণ কর। ৪

১ ▶ নিচের তথ্যগুলো লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

ক	সূর্যোদয়ের দেশ নামে খ্যাত।
খ	ইউরোপ মহাদেশের পশ্চিমে অবস্থিত বিখ্যাত দেশ।
গ	পৃথিবীর অষ্টম জনবহুল দেশ।

- ক. এশিয়া ও আফ্রিকাকে পৃথক করেছে কোন সাগর? ১
 খ. মৌসুমি জলবায়ুর দেশ বলা হয় কাকে? ব্যাখ্যা কর। ২
 গ. উদ্দীপকে উল্লিখিত 'গ' দেশটির নাম কী? উক্ত দেশের ভৌগোলিক অবস্থান ম্যাপে চিহ্নিত কর। ৩
 ঘ. উদ্দীপকে উল্লিখিত 'ক' ও 'খ' দেশদ্বয়ের নাম কী? উক্ত দেশদ্বয়ের শিল্পের তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

২ ▶ নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. সবচেয়ে ছোট মহাদেশের নাম কী? ১
 খ. সাংস্কৃতিক ভূগোল মানব ভূগোলের একটি শাখা— ব্যাখ্যা কর। ২
 গ. উদ্দীপকের A দেশটির নাম কী? উক্ত দেশটির প্রশাসনিক বিভাগগুলো মানচিত্রে প্রদর্শন কর। ৩
 ঘ. উদ্দীপকের মানচিত্রে A ও B দেশের ভূপ্রাকৃতিক তুলনামূলক চিত্র অঙ্কন কর। ৪

৩ ▶ ২০২৭ সালে ৬ লক্ষের বেশি রোহিঙ্গা তাদের নিজ দেশ মিয়ানমার থেকে পালিয়ে বাংলাদেশে আশ্রয় নেয়। রোহিঙ্গাদের আশ্রয় প্রদান করে বাংলাদেশ বিশ্ব সমাজে প্রকাশিত হলে ও নানা ধরনের সমস্যা সম্মুখীন হতে হচ্ছে।

- ক. কাম্য জনসংখ্যা কাকে বলে? ১
 খ. ঘনত্বের বিচারে রাঙামাটি কোন ধরনের জনবসতি অঞ্চলের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ২
 গ. উদ্দীপকে উল্লিখিত জনগোষ্ঠীর বাংলাদেশে আগমন কোন ধরনের অভিগমন? এর কারণ ব্যাখ্যা কর। ৩
 ঘ. উদ্দীপকে উল্লিখিত জনগোষ্ঠীর বাংলাদেশে আগমনের প্রভাব বিশ্লেষণ কর। ৪

৪ ▶ ফাহিম সম্প্রতি উচ্চ শিক্ষার উদ্দেশ্যে কানাডা গেল। সেখানে সে দেখলো বাংলাদেশের মতো সর্বত্রই ধান চাষ হয় না। শীতপ্রধান দেশ হওয়ায় সেখানে আটা ও ময়দা উৎপাদনের কাঁচামাল হিসাবে পরিচিত ফসলটি ব্যাপকভাবে চাষাবাদ হয়।

- ক. BARI এর পূর্ণরূপ লেখ। ১
 খ. চা চাষের ভৌগোলিক নিয়ামক ব্যাখ্যা কর। ২
 গ. উদ্দীপকে উল্লিখিত ফসলটির নাম কী? উক্ত ফসলটির উৎপাদন ও বন্টন আলোচনা কর। ৩
 ঘ. উদ্দীপকের বর্ণিত ফসলটির অর্থনৈতিক গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৫ ▶ নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. শক্তি সম্পদ কাকে বলে? ১
 খ. গ্রাফাইট কী? এর ব্যবহার লেখ। ২
 গ. উদ্দীপকে উল্লিখিত 'ক' খনিজটি কী? উক্ত খনিজ সম্পদটির বন্টন ব্যাখ্যা কর। ৩
 ঘ. উদ্দীপকে উল্লিখিত খনিজটির অর্থনৈতিক গুরুত্ব ও বাণিজ্য আলোচনা কর। ৪

৬ ▶ নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. তাপ বিদ্যুৎ কাকে বলে? ১
 খ. কয়লা কীভাবে গঠিত হয়? ব্যাখ্যা কর। ২
 গ. উদ্দীপকে 'ক' চিহ্নিত স্থানের খনিজটির নাম কী? উক্ত খনিজটির বৈশিষ্ট্য লেখ। ৩
 ঘ. উদ্দীপকে 'ক' ও 'খ' চিহ্নিত স্থানের খনিজদ্বয়ের ব্যবহারিক গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৭ ▶ নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. ময়মনসিংহ বিভাগের একটি চিনি শিল্প কারখানার নাম লেখ। ১
 খ. শিল্পের জন্য বাজার প্রয়োজন কেন? ব্যাখ্যা কর। ২
 গ. উদ্দীপকের 'ক' অঞ্চলটি কী? উক্ত অঞ্চলে লৌহ ও ইস্পাত শিল্প গড়ে উঠার কারণ ব্যাখ্যা কর। ৩
 ঘ. উদ্দীপকে উল্লিখিত 'খ' অঞ্চলটি কী? উক্ত 'ক' ও 'খ' অঞ্চলের শিল্পের প্রকৃতি আলোচনা কর। ৪

৮ ▶ এশিয়ার কিছু দেশে এমন একটি শিল্প গড়ে উঠেছে যা মানুষের পরিধানের চাহিদা মেটাতে ব্যবহৃত হয়। এশিয়ার আর্দ্র জলবায়ু এই শিল্প বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

- ক. শিল্প কাকে বলে? ১
 খ. বাংলাদেশে উত্তরবঙ্গে চিনি শিল্প গড়ে উঠার কারণ ব্যাখ্যা কর। ২
 গ. উদ্দীপকে কোন শিল্পের কথা বলা হয়েছে? বাংলাদেশের প্রেক্ষিতে উক্ত শিল্পের সমস্যাসমূহ ব্যাখ্যা কর। ৩
 ঘ. উদ্দীপকে উল্লিখিত শিল্পটিতে নারী কর্মীদের অবদানের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪